সংবাদ

24 MAY 2017
6 1

# শিক্ষার্থী দ্বারা পরীক্ষার খাতা মূল্যায়ণ এ প্র্যাকটিস কঠোরভাবে দমন করুন

রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে সদ্য শেষ হওয়া উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার কিছু উত্তরপত্র শিক্ষার্থীদের দিয়ে দেখানো হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ নিয়ে গত মঙ্গলবার মিডিয়ায় প্রতিবেদন প্রকাশিত হয়েছে। গত সোমবার এ তথ্য পেয়ে রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বিশ্ববিদ্যালয় চত্বরে মেয়েদের একটি হল থেকে ১০০টি খাতা উদ্ধার করেছেন।

খাতাগুলো ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয়পত্রের। এ বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল গত ২ মে।

যে কোন পরীক্ষার উত্তরপত্র দেখার দায়িত্ব নির্ধারিত শিক্ষকের। অথচ এক শ্রেণীর শিক্ষক নিজেরা না দেখে ছাত্রদের দিয়ে খাতা দেখাচ্ছেন। এটা শিক্ষা দুর্নীতি। শিক্ষার অনেক ক্ষেত্রেই দুর্নীতি চলছে, এখন ধরা পড়লো খাতা মূল্যায়ণ দুর্নীতি। এমন অপসংস্কৃতি চলতে থাকলে এর নেতিবাচক প্রভাব পড়বে পুরো শিক্ষা ব্যবস্থার ওপর। এদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা না নেয়া হলে অন্যরাও এ রকম করতে উৎসাহী হবেন। শিক্ষার স্বার্থে, দেশ ও জাতির স্বার্থের কথা চিন্তা করে এ ধরনের প্র্যাকটিস বন্ধে দ্রুত পদক্ষেপ নিতে হবে।

আমরা চাই, রাজশাহী শিক্ষা বোর্ড ওই বিষয়ের শিক্ষক এবং শিক্ষার্থীর বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেবে। এ ধরনের প্র্যাকটিস অন্য শিক্ষা বোর্ডেও থাকতে পারে। সেটা তদন্ত করে দ্রুত ব্যবস্থা নিতে হবে। এ অপসংস্কৃতি বন্ধ করতে হবে। এ ব্যাপারে আমরা শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করছি।